

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) এর নতুন মহাপরিচালক পদে নিয়োগ পেয়েছেন একই ইনস্টিটিউটের পরিচালক মৎস্য বিজ্ঞানী ড. ইয়াহিয়া মাহমুদ। তিনি গত ১৮-০২-২০১৬ তারিখ অপরাহ্নে ইনস্টিটিউটের মহাপরিচালক পদে যোগদান করেন। ড. ইয়াহিয়া মাহমুদ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ১৯৮৪ সালে মৎস্য বিজ্ঞানে স্নাতক এবং ১৯৮৫ সালে মৎস্য চাষ ও ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৮৮ সালের ৯ই ফেব্রুয়ারী বৈজ্ঞানিক কর্মকর্তা পদে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটে যোগদান করেন। অতঃপর জাপান সরকারের বৃত্তি নিয়ে জাপানের নাগসাকি বিশ্ববিদ্যালয় হতে ২০০০ সালে মৎস্য বিজ্ঞানে (Food Hygiene) পিএইচডি ও ২০০৩ সালে পোস্ট ডক্টোরেট করেন। মহাপরিচালক পদে যোগদানের পূর্বে তিনি ইনস্টিটিউটের পরিচালক ও চীফ সায়েন্টিফিক অফিসারসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। উল্লেখ্য, তিনি বাগেরহাটস্থ চিংড়ি গবেষণা কেন্দ্র স্থাপন প্রকল্পের পরিচালক হিসাবে উক্ত কেন্দ্র প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন এবং ২০১০ সালে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কেন্দ্রটি উদ্বোধন করা হয়। ড. ইয়াহিয়া মাহমুদ এর দেশ/বিদেশে বিভিন্ন জার্নাল/সাময়িকীতে ৭০টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। মৎস্য বিষয়ে তিনি এখনো বিভিন্ন জাতীয় দৈনিক সাময়িকীতে নিয়মিত লেখালেখি করেন। তিনি ছাত্র জীবনে সাংবাদিকতার সাথে জড়িত ছিলেন। পেশাগত বিভিন্ন সভা/প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণের জন্য তিনি ফ্রান্স, অস্ট্রেলিয়া, ইতালী, জাপান, দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, ফিলিপাইন, ভারত, নেপাল, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, চীন, ও ভিয়েতনাম ভ্রমণ করেছেন। তিনি বিভিন্ন সামাজিক ও পেশাজীবী সংগঠনের সাথে জড়িত। তাঁর জন্মস্থান ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলার সৈয়দ ভাকুরী (শেখ বাড়ী) গ্রামে। ব্যক্তিগত জীবনে তিনি ২ (দুই) সন্তানের জনক।